# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নাবী (সাঃ)-এর পরিবার (الْبَيْتُ النَّبَوِيْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৮. জুওয়াইরিয়াহ বিনতে হারিস (রাঃ) (جُوَيْرِيَةُ بِنْتُ الْحَارِثِ):

তাঁর পিতা ছিলেন খুযা'আহ গোত্রের শাখা বুন মুসত্বালাক্বের সর্দার। জুওয়াইরিয়াকে বনু মুসত্বালাক্ব গোত্রের বন্দীদের সঙ্গে ধরে আনা হয়েছিল এবং সাবিত বিন ক্বায়স বিন সাম্মাসের (রাঃ) অংশ দেয়া হয়েছিল। তিন জোওয়ায়রিয়ার সঙ্গে 'মুকাতাবাত' করে নিয়েছিলেন। অর্থাৎ নির্দিষ্ট পরিমাণ অর্থের বিনিময়ে স্বাধীন করে দেয়ার চুক্তি হয়েছিল। এ প্রেক্ষিতে চুক্তি মুতাবিক অর্থ প্রদান করে রাসূলুল্লাহ (ﷺ) তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। এ বিবাহ সম্পন্ন হয়েছিল ৫ম অথবা ৬ষ্ঠ হিজরীর শাবান মাসে। এ বিবাহ উপলক্ষে মুসলমানগণ বনু মুসত্বালাক্বের ১০০ বন্দী পরিবারকে মুক্তি দেন এবং তাদেরকে রাসূলুল্লাহ (ﷺ)_এর শ্বশুর বংশীয় বলা হয়। তিনি ছিলেন তাঁর গোত্রের বরকতপূর্ণ মহিলা। ৫৫ বা ৫৬ হিজরীর রবী'উল আউয়াল মাসে ৬৫ বছর বয়সে মৃত্যুবরণ করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6474

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন